# যুক্তরাষ্ট্র-ইসরায়েলের বিরুদ্ধে ইরানের পাশে থাকার ঘোষণা পুতিনের



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের আগ্রাসনের বিরুদ্ধে ইরানের জনগণের পাশে রাশিয়া থাকবে বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) কিরগিজস্তানের রাজধানী বিশকেকে সাংহাই সহযোগিতা সংস্থার (এসসিও) শীর্ষ সম্মেলনের ফাঁকে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে বৈঠকে এ অবস্থান জানান তিনি।

বৈঠকে পুতিন বলেন, সামরিক ও ভূরাজনৈতিক উত্তেজনা চললেও মস্কো ও তেহরানের মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা অব্যাহত থাকবে। দুই দেশের বিদ্যমান সম্পর্ক আরও এগিয়ে নেওয়ার বিষয়েও গুরুত্ব দেন তিনি।

এর আগে ইরানের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক রাখা দেশগুলোর মধ্যে রাশিয়া ও চীনের ওপর নতুন করে কঠোর নিষেধাজ্ঞা আরোপের হুমকি দিয়েছিল যুক্তরাষ্ট্র। তবে ওয়াশিংটনের এমন সতর্কবার্তার মধ্যেই ইরানের সঙ্গে সম্পর্ক আরও গভীর করার বার্তা দিলেন পুতিন।

ইরানি প্রেসিডেন্সির এক বিবৃতিতে বলা হয়েছে, বৈঠকে রাশিয়া ও ইরানের দ্বিপাক্ষিক সম্পর্কের সাম্প্রতিক অগ্রগতি নিয়ে আলোচনা হয়। পাশাপাশি জ্বালানি, বাণিজ্যসহ কৌশলগত বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের সহযোগিতা কীভাবে আরও বাড়ানো যায়, সে বিষয়েও মতবিনিময় করেন দুই নেতা।